

নং-০৩.০৭.২৬৬৬.৬৬০.৬৬.৪৪৩.১৯-

তারিখঃ ১০/০৬/২০২০ খ্রিঃ

বিষয়ঃ বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা 'ভলান্টারী রুরাল ডেভেলপমেন্ট সোসাইটি (ভিআরডিএস)'-এর নিবন্ধন বাতিল।

যেহেতু তাঁর 'ভলান্টারী রুরাল ডেভেলপমেন্ট সোসাইটি (ভিআরডিএস) (নিবন্ধন নং-১৪১০, তাং-১২/০৮/১৯৯৯খ্রিঃ)' নামীয় সংস্থাটি 'বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন-২০১৬'- মোতাবেক এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধিত একটি বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা।

যেহেতু, সংস্থাটির নিবন্ধন নবায়নের মেয়াদ ১২/০৮/২০১৯ খ্রিঃ তারিখে উত্তীর্ণ হইয়াছে;

যেহেতু, সংস্থার নিবন্ধন সনদ পত্রের শর্তাবলীতে নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ০৬(ছয়) মাস পূর্বে নবায়নের আবেদন করিতে নির্দেশনা থাকিলেও নির্ধারিত সময়ে নবায়নের আবেদন করা হয়নি;


যেহেতু, "নিবন্ধনের সময় দাখিলকৃত বিদেশী দাতা বা দাতা সংস্থার প্রতিশ্রুতিপত্রের কি পরিমাণ অর্থ পাওয়া গেল তা নিবন্ধন প্রাপ্তির ০১(এক) বছরের মধ্যে ব্যুরোকে অবহিত করতে হবে। অন্যথায় নিবন্ধন বাতিল বলে গণ্য হবে" মর্মে শর্ত আরোপ করা হইয়াছিল কিন্তু উক্ত শর্ত মোতাবেক বৈদেশিক অনুদানের অর্থ গ্রহণের কোন প্রমাণ তাঁহার সংস্থা কর্তৃক অবহিত করেননি;

যেহেতু, অত্র ব্যুরোর ০৪/০২/২০২০ খ্রিঃ তারিখ ০৩.০৭.২৬৬৬.৬৬০.৬৬.৪৪৩.১৯-১নং স্মারকের মাধ্যমে সংস্থাটির নিবন্ধনের পর হইতে অদ্যাবধি বৈদেশিক অনুদানে কোন প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন না করায় 'কোন সংস্থার নিবন্ধন বাতিল করা হবে না' মর্মে কারণ দর্শানো হইয়াছে; এবং জবাবে বৈদেশিক অনুদান গ্রহণ সংক্রান্ত কোন প্রমাণক ব্যুরোতে দাখিলে ব্যর্থ হওয়ায় ০১/০৫/২০২০ খ্রিঃ তারিখ ০৩.০৭.২৬৬৬.৬৬০.৬৬.৪৪৩.১৯-১৯৬ নং স্মারকের মাধ্যমে পুনরায় কারণ দর্শানো হইয়াছে;

যেহেতু, এতদসত্ত্বেও সংস্থা নিবন্ধন প্রাপ্তির পর বৈদেশিক অনুদানে কোন প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন না করা এবং তাঁহার সংস্থা কর্তৃক দাতা সংস্থার বানোয়াট প্রতিশ্রুতিপত্র দাখিল করা হইয়াছে, যা 'বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন-২০১৬'-এর ১৪ ধারার পরিপন্থি;

সেহেতু, 'বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন-২০১৬'-এর ১৫ ধারা অনুযায়ী তাঁহার সংস্থার নিবন্ধন নং-১৪১০, তারিখঃ ১২/০৮/১৯৯৯খ্রিঃ- এতদ্বারা বাতিল করা হইল। উক্ত বাতিল আদেশের পর তাঁহার সংস্থা কর্তৃক কোন কার্যক্রম পরিচালনা করা হইলে তাহা সম্পূর্ণ অবৈধ বলিয়া গণ্য হইবে এবং সংশ্লিষ্টদের বিরুদ্ধে ফৌজদারিসহ দেশের প্রচলিত যে কোন আইনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

০২। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হইল।


মোঃ শাহাদাত হোসাইন
(অতিরিক্ত সচিব)
পরিচালক (নিবন্ধন ও নিরীক্ষা)
ফোনঃ ৫৫০০৭৩৯৭।


নির্বাহী পরিচালক/নির্বাহী প্রধান,
ভলান্টারী রুরাল ডেভেলপমেন্ট সোসাইটি (ভিআরডিএস)
৩০১/এ, সাহেবুলবাগ, সিপাহীবাগ, খিলগাঁও, ঢাকা।

নং-০৩.০৭.২৬৬৬.৬৬০.৬৬.৪৪৩.১৯- ১৩১)

তারিখঃ ১০/০৬/২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়/সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ০৪। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা/মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
- ০৬। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৭। পরিচালক (নিবন্ধন ও অডিট)/পরিচালক (প্রকল্প-১/২), এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৮। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি, ৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশ প্লাজা (৭ম তলা), বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।
- ০৯। জেলা প্রশাসক, ঢাকা। তাঁহাকে একজন উপযুক্ত কর্মকর্তা দ্বারা সংস্থা কর্তৃক গৃহীত নগদ বৈদেশিক অনুদান এবং বৈদেশিক অনুদানে সংগৃহীত স্থাবর/ অস্থাবর সম্পত্তির (যদি থাকে) তালিকা তৈরিপূর্বক সরকারের দখলে নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ এনজিও বিষয়ক ব্যুরোতে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হইল।
- ১০। রেজিষ্টার, জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, টিসিবি ভবন (৭ম তলা), ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ১১। মহাব্যবস্থাপক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ১২। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ১৩। উপ-পরিচালক (পরিদর্শন ও নিরীক্ষা), এনজিও বিষয়ক ব্যুরো।
- ১৪। এসআইনমেন্ট অফিসার-১/২/৩/৪/৫ এবং সহকারী পরিচালক-২, এনজিও বিষয়ক ব্যুরো।
- ১৫। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। তাঁহাকে তালিকা সংশোধনসহ ওয়েবসাইটে পত্রটি প্রকাশের জন্য অনুরোধ করা হইল।
- ১৬। ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, দিলকুশা বা/এ, ঢাকা। তাঁহাকে সংস্থার বৈদেশিক অনুদান গ্রহণের হিসাব নং-সিডি-১০১-১১০-৩৮১৯২-পরিচালনা বকসহ উক্ত হিসাবের একটি বিবরণী এই দপ্তরে প্রেরণ করিতে অনুরোধ করা হইল।
- ১৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো।


মোঃ শাহাদাত হোসাইন
(অতিরিক্ত সচিব)
পরিচালক (নিবন্ধন ও নিরীক্ষা)